সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৭৬

১৮/ শিকার (كتاب الصيد والذبائح عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ (প্রশিক্ষনপ্রাপ্ত) কুকুর যদি শিকার থেকে কিছু খেয়ে ফেলে।

باب مَا جَاءَ فِي الْكَلْبِ يَأْكُلُ مِنَ الصَّيْدِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُجَالِدٍ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ، قَالَ سَأَلْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَنْ صَيْدِ الْكَلْبِ الْمُعَلَّمِ قَالَ " إِذَا أَرْسَلْتَ كَلْبَكَ الْمُعَلَّمَ وَذَكَرْتَ اسْمَ اللَّهِ فَكُلْ مَا أَمْسَكَ عَلَيْكَ فَإِنْ أَكَلَ فَلاَ تَأْكُلْ فَإِنَّمَا أَمْسَكَ عَلَى نَفْسِهِ " . قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِنْ خَالَطَتْ كِلاَبَنَا كِلاَبٌ أُخَرُ قَالَ " إِنَّمَا ذَكَرْتَ اسْمَ اللَّهِ عَلَى كَلْبِكَ وَلَمْ تَذْكُرْ عَلَى غَيْرِهِ " . قَالَ سُفْيَانُ أَكْرَهُ لَهُ أَكْلَهُ . قَالَ أَبُو عِيسَى وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ فِي الصَّيْدِ وَالذَّبِيحَةِ إِذَا وَقَعَا فِي الْمَاءِ أَنْ لاَ يَأْكُلَ . وَقَالَ بَعْضُهُمْ فِي الذَّبِيحَةِ إِذَا قُطِعَ الْحُلْقُومُ فَوَقَعَ فِي الْمَاءِ فَمَاتَ فِيهِ فَإِنَّهُ يُؤْكَلُ وَهُوَ قَوْلُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْكَلْبِ إِذَا أَكَلَ مِنَ الصَّيْدِ فَقَالَ أَكْثَرُ أَهْلِ الْعِلْمِ إِذَا أَكَلَ الْكَلْبُ مِنْهُ فَلاَ تَأْكُلْ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ وَعَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَدْ رَخَّصَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ فِي الأَكْلِ مِنْهُ وَإِنْ أَكَلَ الْكَلْبُ مِنْهُ .

বাংলা

১৪৭৬। ইবনু আবূ উমার (রহঃ) ... ’আদী ইবনু হাতিম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশিক্ষণপ্রাপ্ত কুকুর সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, যদি তোমরা কুকুর ছেড়ে থাক আর তখন আল্লাহর নাম নিয়ে থাক তবে সেটি তোমার জন্য যা ধরে রাখবে তুমি তা খাও। আর যদি সে নিজে খায় তবে তুমি তা খেওনা। কারণ সে নিজের জন্যই শিকার করেছে। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ, আমার কুকুরগুলোর সাথে যদি অন্য কুকুরও মিশে যায়? তিনি বললেন, তুমিতো তোমার কুকুরগুলোর ক্ষেত্রেই ’বিসমিল্লাহ’ বলেছ অন্য কুকুরের ক্ষেত্রে তো ’বিসমিল্লাহ’ বলোনি।

সহীহ, সহীহ আবূ দাউদ ২৫৩৮, ২৫৪৩, ইরওয়া ২৫৪৬, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৭০ [আল মাদানী প্রকাশনী]

সুফইয়ান (রহঃ) বলেন, এই ক্ষেত্রে তার জন্য সে শিকার খাওয়া অপছন্দনীয়। কতক সাহাবী ও অন্যান্যদের মতে শিকার ও যবাহকৃত জন্তু যদি পানিতে পড়ে যায় সে ক্ষেত্রে এ হাদীস অনুসারে আমল এরূপ যে, তা খাওয়া যাবে না। যবাহ-এর জন্তু সম্পর্কে কেউ কেউ বলেছেন, কণ্ঠনালী কাটার পর যদি তা পানিতে পড়ে যায় এবং তাতে মারা যায় তা আহার করা যাবে। এ হল ইবনু মুবারক (রহঃ) এর অভিমত। কুকুর যদি শিকারের জন্তুর কিছু অংশ খেয়ে ফেলে সে বিষয়ে আলিমগনের মত বিরোধ রয়েছে। অধিকাংশ আলিম বলেন, কুকুর যদি শিকারের জন্তু থেকে কিছু খেয়ে ফেলে তবে তা আর খাওয়া যাবে না। এ হল সুফইয়ান, আবদুল্লাহ ইবনু মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। তবে কতক ফকীহ সাহাবী ও অপরাপর আলিম কুকুর যদি কিছু অংশ খেয়ে ফেলে তবুও তা খাওয়া যাবে বলে অনুমতি দিয়েছেন।

English

Narrated 'Adi bin Hatim:

"I asked the Messenger of Allah (ﷺ) about the game caught by a trained dog. He said: 'If you mention the Name of Allah when you send your trained dog, then eat from what it catches for you. But if it eats from it, then do not eat it, for he only caught it for himself.' I said: 'O Messenger of Allah! What do you say about when our dogs get mixed with other dogs.' He said: 'You only mentioned the Name of Allah over your dog, you did not mention it over the others.'" Sufyan said: "He disliked for him to eat it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন